



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং : ৫০৪/মাধ্য-পরী/২০১০/১১৬৯

তারিখ : ০২.০৪.২০১৭ খ্রি:

বিষয়: জেএসসি পরীক্ষা- ২০১৭ ও এসএসসি পরীক্ষা-২০১৮ কেন্দ্র বাতিল ও অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে

পত্র পত্রিকা ও মিডিয়ার মাধ্যমে প্রকাশ পেয়েছে, মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা- ২০১৭ এর প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে গাজিরচট এ এম উচ্চ বিদ্যালয় ও কলেজ, সাভার, ঢাকা এর অধ্যক্ষ মোজাফফর হোসেন, গণিত বিষয়ের শিক্ষক আতিকুল ইসলাম এবং অফিস সহকারী আব্দুল মজিদ জড়িত থাকার অভিযোগে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তাদেরকে গ্রেফতার করে আইনানুগভাবে কারাগারে প্রেরণ করেছেন। এমতাবস্থায় পাবলিক পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের স্বার্থে গাজিরচট এ এম উচ্চ বিদ্যালয় ও কলেজ, সাভার, ঢাকা (এসএসসি কেন্দ্র কোড-৫৩২ ও জেএসসি কেন্দ্র কোড-৪৯৯) জেএসসি পরীক্ষা- ২০১৭ ও এসএসসি পরীক্ষা-২০১৮ হতে কেন্দ্রটি বাতিল করা হলো। অভিযুক্ত ০৩ (তিন) জন কে বোর্ডের পরীক্ষা সংক্রান্ত সকল কার্যক্রম থেকে অব্যাহতি প্রদান করা হলো এবং তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হলো।

প্রফেসর মোঃ মাহাবুবুর রহমান

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬১৫২৩৫

প্রধান শিক্ষক

গাজিরচট এ এম উচ্চ বিদ্যালয় ও কলেজ

এসএসসি কেন্দ্র কোড-৫৩২ ও জেএসসি কেন্দ্র কোড-৪৯৯

সাভার, ঢাকা

পত্র নং : ৫০৪/মাধ্য-পরী/২০১০/১১৬৯

তারিখ : ০২.০৪.২০১৭ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩। জেলা প্রশাসক, ঢাকা
- ৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সাভার, ঢাকা
- ৫। উপ পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৭। সভাপতি, গভর্নিং বডি (গাজিরচট এ এম উচ্চ বিদ্যালয় ও কলেজ, সাভার, ঢাকা) জরুরি ভিত্তিতে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো
- ৮। অফিস কপি।

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা